ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৮২৬

আগরতলা,১১ সেপ্টেম্বর,২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

‘‘জিবি হাসপাতালে নতুন ফরমান নার্সদের মর্যাদার কফিনে শেষ পেরেক?’’ এই শিরোনামে প্রতিবাদী কলম পত্রিকায় গত ৯ সেপ্টেম্বর, ২০২৫ প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদের পরিপ্রেক্ষিতে, এজিএমসি অ্যান্ড জিবিপি হাসপাতালের প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো যাচ্ছে যে, সংবাদপত্রে প্রকাশিত সংবাদটি সঠিক নয়। জিবিপি হাসপাতালের প্রশাসন সর্বদাই নার্সদের মর্যাদা, সুরক্ষা ও কাজের পরিবেশ রক্ষায় অঙ্গীকারবদ্ধ। নার্সরা স্বাস্থ্য ব্যবস্থার অবিচ্ছেদ্য অংশ এবং তাঁদের ছাড়া হাসপাতালের দৈনন্দিন পরিষেবা কল্পনাই করা যায় না। রোগীর সেবায় তাঁদের অবদানকে কর্তৃপক্ষ সর্বোচ্চ গুরুত্ব দিয়ে থাকেন। সম্প্রতি হাসপাতালের ভেতরে কর্মদক্ষতা ও প্রশাসনিক শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে কিছু নির্দেশনা জারি করা হয়েছে। এই নির্দেশনার লক্ষ্য ছিল শুধুমাত্র রোগী ও তাঁদের পরিবারকে আরও উন্নত পরিষেবা প্রদান করা এবং হাসপাতালের সামগ্রিক কর্মপরিবেশকে শৃঙ্খলাপূর্ণ রাখা। তাতে নার্সদের মর্যাদা খর্ব করা বা তাঁদের বিরুদ্ধে কোনো বৈষম্যমূলক পদক্ষেপ নেওয়া হয়নি।

প্রতিবেদনে যেভাবে নার্সদের প্রতি অবমাননা বা শাস্তিমূলক ব্যবহারের অভিযোগ আনা হয়েছে, তা ভিত্তিহীন। বরং হাসপাতালের নার্সদের জন্য আরও ভাল সুযোগ-সুবিধা, প্রশিক্ষণ ও নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করার জন্য প্রশাসন ধারাবাহিকভাবে পদক্ষেপ নিচ্ছে।

এজিএমসি অ্যান্ড জিবিপি হাসপাতাল কর্তৃপক্ষের বিশ্বাস, ডাক্তার-নার্স-স্বাস্থ্যকর্মী-সবাই মিলে দলগতভাবেই রোগীর কল্যাণে কাজ করেন। এই ঐক্য ও পারস্পরিক সম্মানের ভিত্তিতেই জিবিপি হাসপাতালের সুনাম রক্ষিত রয়েছে এবং ভবিষ্যতেও থাকবে।

*****